

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৪৯

তেলিয়ামুড়া, ৩১ জানুয়ারি, ২০২৪

**খোয়াই জেলাভিত্তিক জাতীয় সড়ক সুরক্ষা মাস উদযাপন**

**নিজে সচেতন হওয়ার পাশাপাশি অন্যকেও সচেতন করতে হবে : সরকারি মুখ্যসচেতক**

খোয়াই জেলাভিত্তিক জাতীয় সড়ক সুরক্ষা মাস উদযাপন অনুষ্ঠান আজ তেলিয়ামুড়ার অশ্বিনীকুমার ঘোষ স্মৃতি কমিউনিটি হলে আয়োজন করা হয়। জেলা পরিবহণ আধিকারিক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ট্রাফিক বিধি সম্পর্কে নিজে সচেতন হওয়ার পাশাপাশি অন্যকেও সচেতন করতে হবে। সড়ক দুর্ঘটনা ও প্রাণহানি রোধে সকলকে রাস্তায় চলাচলের সময় অবশ্যই সতর্কতা অবলম্বন করতে হবে। এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সাহা। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা, তেলিয়ামুড়া পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, মহকুমা শাসক অভিজিৎ চক্রবর্তী, এসডিপিও সুধম্বিকা আর প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন খোয়াই জেলা পরিবহণ আধিকারিক বিশ্বজিৎ মজুমদার। অনুষ্ঠান উপলক্ষে একাঙ্ক নাটক, কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*